

## কেন্দ্রীয় প্রকল্পের অগ্রগতি খতিয়ে দেখতে নদীয়ায় মনিটরিং টিম

বিএনএ, কৃষ্ণনগর: কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলির অগ্রগতি খতিয়ে দেখতে নদীয়ায় এসেছে জাতীয়স্তরের মনিটরিং টিম। বুধবার ওই টিম করিমপুর-২ এলাকা পরিদর্শন করে। ব্লক আধিকারিকদের সঙ্গে দীর্ঘক্ষণ বৈঠক করেছেন প্রতিনিধি দলের আধিকারিকরা। আগামী ছ'দিন ধরে জেলার বিভিন্ন প্রান্তে পরিদর্শন করবেন তাঁরা। শেষে দিল্লিতে গিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে তাঁরা রিপোর্ট জমা দেবেন।

মঙ্গলবার বিকালে দুই সদস্যের কেন্দ্রীয় প্রতিনিধি দল নদীয়ায় এসে পৌঁছায়। ন্যাশনাল লেভেল মনিটরিং টিমে রয়েছেন এসআইআর ডিরেক্টর সন্তোষ কাশ্যপ এবং সহকারী আধিকারিক দেবী সিং। প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে, কেন্দ্রীয় সরকারের যেসব প্রকল্প রয়েছে সেগুলির কাজ খতিয়ে দেখবেন তাঁরা। প্রকল্পের অগ্রগতি, প্রকল্প উপভোক্তাদের কাছে ঠিকঠাক পৌঁছেছে কি না বা উপভোক্তারা প্রকল্পের দ্বারা কতটা লাভবান হয়েছেন তাও সরজমিনে খতিয়ে দেখবেন। প্রয়োজনে উপভোক্তাদের সঙ্গে কথা বলবেন। জেলার মধ্যে করিমপুর-২, নাকাশিপাড়া ও রানাঘাট ব্লকের ২০টি গ্রাম পঞ্চায়েত এলাকায় গিয়ে প্রতিনিধি দল কেন্দ্রীয় প্রকল্পগুলি সরজমিনে দেখবেন। ৩০ নভেম্বর জেলা প্রশাসনিক ভবনে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত বসবেন জনতার দরবারে। কোনও অভিযোগ থাকলে উপভোক্তারা সেখানে সরাসরি জানাতে পারবেন। শেষদিন জেলাশাসকের সঙ্গে একটি বৈঠক করবে ওই প্রতিনিধি দল।

জেলা প্রশাসন সূত্রে খবর, কেন্দ্রীয় প্রতিনিধি দল ১০০ দিনের প্রকল্প, ইন্দিরা আবাস, স্বচ্ছ ভারত, জাতীয় সহায়তা প্রকল্প, বার্ষিক্যভাতা, পানীয় জল প্রকল্প ইত্যাদি সরজমিনে খতিয়ে দেখবেন। এদিন করিমপুর-২ ব্লক এলাকা পরিদর্শন করল প্রতিনিধি দল। প্রথমেই তাঁরা ব্লক প্রশাসনের আধিকারিকদের সঙ্গে একটি বৈঠক করেন। তারপর নারায়ণপুর-২ গ্রাম পঞ্চায়েত পরিদর্শনে যান। সেখানে গিয়েও পঞ্চায়েত আধিকারিকদের সঙ্গে কথা বলেন তাঁরা। একটি গ্রামে পরিদর্শনেও যান। আজ, বৃহস্পতিবার করিমপুর-২ ব্লকের মুরগটিয়া গ্রাম পঞ্চায়েত এলাকা পরিদর্শনে যাবে প্রতিনিধি দল। এদিন কেন্দ্রীয় প্রতিনিধি দলের সঙ্গে ছিলেন জেলা গ্রাম পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক বাবুলাল মাহাত সহ জেলা প্রশাসনের অন্যান্য আধিকারিকরা।

জেলা প্রশাসনিক কর্তারা জানান, রুটিন মাসিক পরিদর্শন কেন্দ্রীয় প্রতিনিধি দলের। দু'বছর অন্তর জাতীয়স্তরের মনিটরিং টিম পরিদর্শনে আসে। এবার জেলার ২০টি গ্রাম পঞ্চায়েত পরিদর্শনের তালিকায় রয়েছে। তার মধ্যে ১০টি গ্রাম পঞ্চায়েতে যাবে ওই প্রতিনিধি দল। মনিটরিং টিমের সদস্য সন্তোষ কাশ্যপ বলেন, একাধিক প্রকল্পের কাজ আমরা খতিয়ে দেখছি। বিভিন্ন গ্রাম পরিদর্শন করব। উপভোক্তাদের সঙ্গেও কথা বলব। দিল্লিতে ফিরে রিপোর্ট জমা দেব।